দৈনিক ইত্তেফাক

তারিখ ০4 NOV 2015
পৃষ্ঠা ২০ কলাম ৮

# রাজধানীর সরকারি বিদ্যালয়েও ৪০ শতাংশ এলাকা কোটা

## শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা জারি

■ ইত্তেফাক রিপোর্ট

বেসরকারি বিদ্যালয়ের মতো ঢাকা মহানগরীর সরকারি বিদ্যালয়গুলোতেও শিক্ষার্থীদের জন্য ৪০ শতাংশ এলাকা কোটা সংরক্ষণ করার নির্দেশনা দেয়া হয়েছে। সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা-২০১৫ এ নির্দেশনা দেয়া হয়। গতকাল মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয় এ নীতিমালা প্রকাশ করে।

নীতিমালা অনুযায়ী, প্রথম শ্রেণিতে ভর্তির জন্য আবশ্যিকভাবে লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন করতে হবে। দ্বিতীয়-অষ্টম শ্রেণির শূন্য আসনে লিখিত পরীক্ষার মাধ্যমে মেধাক্রম অনুসারে ভর্তির জন্য শিক্ষার্থী বাছাই প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। এছাড়া নবম শ্রেণির ক্ষেত্রে জেএসসি/জেডিসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সংশ্লিষ্ট বোর্ডের প্রস্তুতকৃত মেধাক্রম অনুসারে নিজ বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির পর অবশিষ্ট শূন্য আসনে অন্যান্য বিদ্যালয়ের শিক্ষার্থী ভর্তির জন্য নির্ধারিত ভর্তি কমিটি বাছাই করবে। বিদ্যালয়গুলোর অবস্থান, শিক্ষার্থীদের সুবিধা/অসুবিধা বিবেচনা করে পরীক্ষা কমিটি বিদ্যালয়গুলোকে বিভিন্ন ক্লাস্টারে বিভক্ত করতে পারবে। শিক্ষার্থীরা আবেদন ফরমে

পৃষ্ঠা ২ কলাম ৮

## রাজধানীর সরকারি

২০ পৃষ্ঠার পর

পছন্দক্রম উল্লেখ করে দেবে।

২০১৭ শিক্ষাবর্ষ থেকে দেশের সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয় অনলাইন পদ্ধতিতে ভর্তি কার্যক্রম পরিচালনা করবে বলে নীতিমালায় উল্লেখ করা হয়েছে।

ঢাকা মহানগরীর সরকারি বিদ্যালয় সংলগ্ন ক্যাচমেন্ট এলাকার শিক্ষার্থীদের জন্য ৪০ শতাংশ কোটা সংরক্ষণ করতে হবে। অবশিষ্ট ৬০ শতাংশ আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর ঢাকা মহানগরীর সকল সরকারি বিদ্যালয়ের আওতাধীন ক্যাচমেন্ট এলাকা নির্ধারণ করে সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে। ভর্তির আবেদন ফরমের মূল্য ধরা হয়েছে ১৫০ টাকা।